

## প্রেস বিজ্ঞপ্তি

ঢাকার উত্তরাতে আইসিডিডিআর,বি ডায়াগনস্টিক ল্যাবরেটরির একটি নমুনা সংগ্রহ কেন্দ্র চালু  
ঢাকা, বাংলাদেশ, ৩ ফেব্রুয়ারি, ২০২২

আজ, আইসিডিডিআর,বি ডায়াগনস্টিক ল্যাবরেটরি, বাংলাদেশের প্রথম আইএসও ১৫১৮৯ (গুণমান) এবং আইএসও ১৫১৯০ (সুরক্ষা) স্বীকৃত ল্যাব, ঢাকার উত্তরাতে এর একটি নমুনা সংগ্রহ কেন্দ্র উদ্বোধন করেছে।

আজ সন্ধ্যায়, আইসিডিডিআর,বি-র নির্বাহী পরিচালক ড. তাহমিদ আহমেদ এবং ল্যাবরেটরি সায়েন্সেস অ্যান্ড সার্ভিসেস বিভাগের ভারপ্রাপ্ত জ্যেষ্ঠ পরিচালক ড. দিনেশ মন্ডল এসএইচ প্রোপার্টিজ, বাড়ি নং ৩৫, গাউসুল আজম এভিনিউ, সেক্টর ১৪, উত্তরাতে অবস্থিত নমুনা সংগ্রহ কেন্দ্রের উদ্বোধন করেন।



উদ্বোধনী অনুষ্ঠানে ড. তাহমিদ আহমেদ রোগ সনাক্তকরণ ও চিকিৎসার ক্ষেত্রে ল্যাবরেটরি টেস্টের গুণমান ও সহজলভ্যতার ওপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন, "আইসিডিডিআর,বি এর আন্তর্জাতিকভাবে স্বীকৃত ল্যাবরেটরি পরীক্ষার মাধ্যমে বাংলাদেশের স্বাস্থ্যসেবাকে শক্তিশালী করার প্রয়াসে প্রতিশ্রুতিবদ্ধ, যা রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ প্রচেষ্টার জন্য অপরিহার্য।"

ড.দিনেশ মন্ডল আশাবাদ ব্যক্ত করে বলেন, "এই নমুনা সংগ্রহ কেন্দ্রটি শুধু উত্তরার মানুষদেরকেই উপকৃত করবে না, বরং এর পার্শ্ববর্তী এলাকা যেমন টঙ্গী ও গাজীপুরে বসবাসকারী মানুষদের জন্যও নির্ভরযোগ্য ডায়াগনস্টিক সেবা প্রদানের মাধ্যমে সঠিক রোগ নির্ণয়ে সহায়তা করবে।



উল্লেখ্য যে, আইসিডিডিআর,বি-র ডায়াগনস্টিক সেবা থেকে অর্জিত অর্থ প্রতি বছর আইসিডিডিআর,বি-র ঢাকা ও মতলব হাসপাতালে আগত দুই লাখেরও বেশি রোগীর বিনামূল্যে জীবন রক্ষাকারী চিকিৎসা সেবা প্রদানে সহায়তা করে।

আগামীকাল শুক্রবার, ৪ ফেব্রুয়ারি ২০২২ থেকে নমুনা সংগ্রহ কেন্দ্রটি কার্যক্রম শুরু করবে। সারা বছর প্রতিদিন সকাল ৭.৩০ থেকে সন্ধ্যা ৭.৩০ পর্যন্ত নমুনা সংগ্রহ করা হবে। তবে, কোভিড-১৯ এর পরীক্ষা করতে ইচ্ছুক ব্যক্তিদের মহাখালী কেন্দ্রে যেতে হবে।

#

বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগঃ

একেএম তারিফুল ইসলাম খান

সিনিয়র ম্যানেজার, কমিউনিকেশন, আইসিডিডিআর,বি

ফোনঃ +৮৮০-২-৯৮২০৫২৩-৩২, (এক্সটেনশনঃ ৩১১৬)

মোবাইলঃ +৮৮০১৭ ৫৫৫ ৮৮ ১২৮

ইমেইলঃ [tariful.islam@icddr.org](mailto:tariful.islam@icddr.org)